গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
কচুয়া, বাগেরহাট
www.dss.kachua.bagerhat.gov.bd

প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও সমতায়; আস্থা আজ সমাজসেবায়।

**স্মারক নম্বর:** ৪১.০১.০১৩৮.০০০.০০০.০৬.০৪৭৪.২৬.১৫২

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

বিষয়: **সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ।**

সূত্র: পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর এর স্মারক নং- ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬; তারিখ: ৩০ জুন, ২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ করা হবে। আবেদনের লিংক: dss.bhata.gov.bd/online-application

**প্রচার, আবেদন গ্রহণ, যাচাই-বাছাই সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপ:**

ক. বাস্তবায়ন নীতিমালার আলোকে ০১ জুলাই, ২০২৬ হতে ৩১ জুলাই, ২০২৬ পর্যন্ত প্রচার প্রচারণা করতে হবে এবং ০১ আগষ্ট, ২০২৬ হতে ৩১ আগষ্ট, ২০২৬ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে;
খ. আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন;
গ. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
ঘ. অবেদনকারীদের অবশ্যই নিজ নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল/ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে;
ঙ. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না;
চ. পূর্বে অনলাইন আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকায় যদি থাকে) পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
ছ. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইন আবেদন (অপেক্ষমান তালিকায় যদি থাকে) এর ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে;
জ. বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
ঝ. বাস্তবায়ন নীতিমালার আলোকে চূড়ান্ত তালিকা অনুমোদন সম্পন্ন করতে হবে;
ঞ. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই, ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশাবলী অনুযায়ী আপনার ইউনিয়নের ভাতা/উপবৃত্তি প্রত্যাশীদের নিকট থেকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৯-০৭-২০২৬
শেখ হাসিবুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
ইমেইল : usso.kachua.bagerhat@dss.gov.bd

ইউপি প্রশাসক/চেয়ারম্যান, -------------------- (সকল) ইউনিয়ন পরিষদ
কচুয়া, বাগেরহাট।।

**স্মারক নম্বর:** ৪১.০১.০১৩৮.০০০.০০০.০৬.০৪৭৪.২৬.১৫২/১ (৯)

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, খুলনা।।
২। প্রশাসক/চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।।
৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কচুয়া, বাগেরহাট।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব/মফস্বল সাংবাদিক ফোরাম/সোসাইটি, কচুয়া, বাগেরহাট।।
৬। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, -------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট।।
৭। ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়, কচুয়া, বাগেরহাট।
৮। ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, কচুয়া, বাগেরহাট।।
৯। অফিস কপি, ।।

১৯-০৭-২০২৬
শেখ হাসিবুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার